তারিখ ... 01 NOV. 2015 ...
পৃষ্ঠা ...১৫... কলাম ...৩...

দৈনিক
ইত্তেফাক

# শিক্ষার্থীদের আন্দোলনে অচল সাতক্ষীরা মেডিক্যাল কলেজ

■ সাতক্ষীরা প্রতিনিধি

২৫০ শয্যা বিশিষ্ট পূর্ণাঙ্গ হাসপাতাল চালুর দাবিতে শিক্ষার্থীদের আন্দোলনে অচল হয়ে পড়েছে সাতক্ষীরা মেডিক্যাল কলেজ।

শনিবার সকালে সাতক্ষীরা মেডিক্যাল কলেজের সবকটি ভবনে তালা ঝুলিয়ে বিক্ষোভ মিছিলসহ অবস্থান ধর্মঘট শুরু করে মেডিক্যাল শিক্ষার্থীরা। একই সাথে ২৫০ শয্যা বিশিষ্ট পূর্ণাঙ্গ হাসপাতাল চালু না হওয়া পর্যন্ত ক্লাস ও পরীক্ষা বর্জন করে অনির্দিষ্টকালের ধর্মঘটের ডাক দিয়েছে তারা।

সকাল থেকেই মিছিল-স্লোগানে মুখরিত হয়ে ওঠে কলেজ ক্যাম্পাস। শ্রেণিকক্ষ ছেড়ে শিক্ষার্থীরা বাইরে চলে আসে। স্লোগান দিতে থাকে, 'আর নয় লুকোচুরি, ২৫০ শয্যা বিশিষ্ট পূর্ণাঙ্গ হাসপাতাল চালু কর, করতে হবে'।

আন্দোলনরত শিক্ষার্থীরা জানান, দীর্ঘ প্রতীক্ষার পরও সাতক্ষীরা মেডিক্যাল কলেজ হাসপাতাল পূর্ণাঙ্গরূপে চালু হয়নি। ৩০ শয্যা নিয়ে শুধুমাত্র মেডিসিন ওয়ার্ড চালু করা হয়েছে। যা শিক্ষার্থীদের ক্লিনিক্যাল কার্যক্রমের জন্য যথেষ্ট নয়। কিন্তু চূড়ান্ত পেশাগত পরীক্ষার জন্য ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল চালু হওয়া বাধ্যতামূলক। ক্লিনিক্যাল কার্যক্রমে এক্সপার্ট না হলে মানুষকে সেবা দেয়া সম্ভব নয়। আমাদের বার বার আশ্বস্ত করা হলেও ২৫০ শয্যা হাসপাতাল চালুর ব্যাপারে কোনো পদক্ষেপ চোখে পড়ছে না।

এদিকে, ভবনে তালা ঝুলিয়ে দেয়ায় শিক্ষক-কর্মচারীরা ক্যাম্পাসের বিভিন্ন স্থানে অবস্থান নেন।

এ ব্যাপারে সাতক্ষীরা মেডিক্যাল কলেজ হাসপাতালের ভারপ্রাপ্ত অধ্যক্ষ অমল কুমার বিশ্বাস জানান, পরিপূর্ণ চিকিৎসক হয়ে উঠতে ২৫০ শয্যা হাসপাতাল অত্যন্ত জরুরি। শিক্ষার্থীদের দাবির বিষয়টি ইতোমধ্যে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।

প্রসঙ্গত, গত ৪ এপ্রিল স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম সাতক্ষীরা মেডিক্যাল কলেজের ২৫০ শয্যা হাসপাতাল উদ্বোধন করেন। এর প্রায় ছয় মাস পেরিয়ে গেলেও চালু হয়নি ২৫০ শয্যা হাসপাতাল।